গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, বাঘারপাড়া, যশোর।
www.doict.bagherpara.jessore.gov.bd

**বাঘারপাড়া উপজেলার আইসিটি ও ইনোভেশন কমিটি ফেব্রুয়ারী/২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ভুপালীসরকার<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি<br>উপজেলা আইসিটি কমিটি, বাঘারপাড়া, যশোর। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় |
| সভার তারিখ | : | ১৩ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বিকাল ০৩.৩০ ঘটিকা |

**সভায় উপস্থিতির তালিকাঃ** **পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

**আলোচ্য বিষয়ঃ**

১। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ডিজিটাল ল্যাব তদারকি

২। স্কুল অব ফিউচার এবং রোবটিক্স কর্ণার

৩। ই-নথি / ডি-নথির কার্যক্রম পরিচালনা বিষয়ক

৪। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ

৫। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)

৬। ইউডিসি থেকে আয় ও সেবাপ্রদান ও পরিদর্শন সংক্রান্ত তথ্য

৭। ইনোভেশন

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার ও কমিটির সভাপতি ভুপালী সরকার, উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব প্রহলাদদেবনাথ, উপজেলা আইসিটি অফিসার, বাঘারপাড়া, যশোরকে সভার কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা আইসিটি অফিসার, আইসিটি কমিটি জনাব প্রহলাদ দেবনাথ আলোচ্য সূচি অনুযায়ী পর্যায়ক্রমে সভা পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইউডিসি পরিদর্শন/ দর্শন ও অন্যান্য তথ্যঃ

| ক্রঃ নং | উপজেলা | উপজেলাআইসিটিকমিটিরসভাঅনুষ্ঠানেরতারিখ | | ইউডিসি | | |
|---|---|---|---|---|---|---|
| | | সভাঅনুষ্ঠানেরতারিখ | সভারকার্যবিবরণী প্রেরণকরাহয়েছে কিনা | মোটইউডিসি | ইউএনওকর্তৃক পরিদর্শন | ইউএনওকর্তৃকদর্শন |
| ০১ | বাঘারপাড়া | ১৩/০২/২০২৬ | হ্যাঁ | ০৯টি | ০২ | ০২ |

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্যবিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ডিজিটাল ল্যাব | অত্র উপজেলায় তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে ১ম পর্যায় ০৭টি এবং ২০২১-২০২২ অর্থ বছরে ২য় পর্যায়ে ০৯টি ল্যাব প্রাপ্ত হয়েছে। এছাড়া ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) থেকে ল্যাব স্থাপনের কার্যক্রম চলমান আছে। ল্যাব সমূহের সুষ্ঠব্যবহার, পরিষ্কার পরিছন্নতা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কোন প্রতিষ্ঠান থেকে ল্যাবে ব্যবহৃত আসবাবপত্র ও আইটি সামগ্রী চুরি বা নষ্ট হলে চুক্তি মোতাবেক অতি দ্রুত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় মেরামত ও পুনঃসংযোগ করার নির্দেশ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা আইসিটি অফিসার। |
| ০২ | স্কুল অব ফিউচার এন্ড রোবটিক্স কর্ণার | ডিজিটাল ল্যাব স্থাপন ২য় পর্যায় হতে সারাদেশে ৩০০টি সংসদীয় আসনে ০১টি করে স্কুল অব ফিউচার ল্যাব স্থাপন করা হয়েছে। স্কুল অব ফিউচার কার্যক্রম পরিচালনার জন্য ০৬টি স্মার্ট বোর্ড, ০৫টি হাজিরা মেশিন, প্রয়োজনীয় সংখ্যক হাজিরা কার্ড, রাউটার, ০৪টি ডেক্সটপ কম্পিউটার, LMS সফটওয়্যার, ০২টি রোবট, ০১টি 3Dপ্রিন্টার, ০১টি ভিআর হেডসেট এবং ০১টি IR Fixed Bullet Network Camera সরবরাহ করা হয়েছে। এছাড়া খুব শীঘ্রই উক্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচীর কার্যক্রম শুরু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাঘারপাড়ার চন্ডিপুর মাধ্যমিকবিদ্যালয়ে স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। স্কুল অব ফিউচারে রোবটিক্স কর্ণারের কার্যক্রম সম্পন্ন হয়েছে। স্কুল অব ফিউচার ও স্কুল অব ফিউচারে রোবটিক্স কর্ণারের কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা তা নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৩ | ই-নথি/ডি-নথির কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | যে সমস্ত অফিসে ই নথি কার্যক্রম চালু আছে তাদেরকে ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে চিঠিপত্র নিষ্পত্তি করতে হবে। হার্ডফাইলের পরিবর্তে ই-ফাইলে কাজ করার প্রয়োজনীয়তা বিবেচনা করে সকলকে এ বিষয়ে আরো যত্নবান হতে হবে। ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া সম্পন্ন হয়েছে। সকল চিঠিপত্র এ সিস্টেমে নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় উপজেলাআইসিটিঅফিসার। |
| ০৪ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় ও ফোকাল পয়েন্ট | যে সমস্ত সরকারী অফিস ও ইউনিয়নের ওয়েবপোর্টালের তথ্য শতভাগ হালনাগাদ করা হয়নি বা পোর্টালের লিংক সমূহে হালনাগাদ তথ্য নেই তাদের দ্রুত হালনাগাদ করতে হবে। যেসকল দপ্তরে ওয়েবপোর্টাল শত ভাগ হালনাগাদ নেই সেই সকল দপ্তরের দপ্তর প্রধান অথবা কম্পিউটারে পারদর্শী একজনকে উপজেলা আইসিটি অফিসারের নিকট থেকে পোর্টাল আপডেট করার প্রয়োজনীয় কারিগরী সহায়তা নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সংশ্লিষ্ট দপ্তর সমূহ নিয়মিত তাদের ওয়েবপোর্টাল হালনাগাদ করছে কিনা এবিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় উপজেলা আইসিটি অফিসার, ইউপি সচিব (সকল), ইউপি উদ্যোক্তা (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | নির্বাচনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইন্টারনেট কানেক্টিভিটি, ডিসেট সেন্টার স্থাপন) | আইসিটি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প হতে অত্র উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন ভূমি অফিস সমূহ, সকল কমিউনিটি ক্লিনিকসহ অন্যান্য প্রতিষ্ঠানে ১৯৮টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ এর মধ্যে ৮০টি প্রতিষ্ঠানে সংযোগ প্রদানের কাজ সম্পূর্ণ হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে অবহিত করতে হবে। এছাড়াও ডিজিটাল সংযোগস্থাপন প্রকল্প (ইডিসি) থেকে আইসিটি ডিডিজিটাল ল্যবস্থাপনের কাজ চলমান আছে।<br>এপ্রকল্প থেকে জেলা/উপজেলা পর্যায়ে ৫৫৫টি ডিসেট সেন্টার স্থাপন করা হবে। এলজিইডিকর্তৃকনির্মিত ৫তলা উপজেলা কমপ্লেক্স ভবন উর্দ্ধমুখী সম্প্রসারণের কাজ উভয় পার্শ্বেছাদ ঢালায়, প্লাস্টার, গ্রিল, গ্লাস, টাইলস এবং ওয়েরিং কাজ শেষ হয়েছে।<br>ইন্টারনেট কানেক্টিভিটি, ডিজিটাল ল্যাব স্থাপনসহ ডিসেট সেন্টার স্থাপনের কাজ উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে সমন্বয় পূর্বক দায়িত্বপালনের জন্য অনুরোধ জনানো হয়। | উপজেলাপ্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, উপজেলাআইসিটিঅফিসার, বাঘারপাড়া |
| ০৬ | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট নিয়মিত একসেবা সিস্টেমে প্রদান করছেন কিনা তা নিয়মিত তদারকি করা হবে। | বর্তমানে বাঘারপাড়া উপজেলায় একটি পৌরসভা ও ০৯টি ইউডিসিতে মোট ১০জন উদ্যোক্তাকর্মরতআছে। ইউডিসিতে নারী উদ্যোক্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। সঠিক ভাবে ব্যবসায় পরিচালনাসহ সকল উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদানের রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে। সকল উদ্যোক্তাদের অবশ্যই আয় ও সেবা সংক্রান্ত তথ্য একসেবা সিস্টেমে নিয়মিত আপলোড করতে হবে। ইউডিসি কার্যক্রম ও এক সেবায় তথ্য আপলোড কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার<br>ও<br>ইউডিসি উদ্যোক্তা (সকল) |
| ০৭ | সরকারি সেবা প্রদানের প্রক্রিয়াকে সহজিকরণে সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যক্তি ও প্রতিষ্ঠানের উদ্ভাবনী চিন্তাভাবনা ও ইনোভেশনের বিষয় আলোচনা করা হয়। | সভায় বিভিন্ন ইনোভেশন আইডিয়া ও ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভুপালীসরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি উপজেলা আইসিটি কমিটি
বাঘারপাড়া, যশোর।

স্মারকনং -: ৫৬.০৪.৪১০৯.০০০.০৬.০০১.২০-২১২

তারিখঃ ৩০শে মাঘ ১৪৩২
১৩ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১। জেলা প্রশাসক,যশোর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর।
৪। জেলা আইসিটি অফিসার, জেলা কার্যালয়, যশোর।
৫। সদস্য (সকল)......................................................।
৬। অফিস কপি।

১৩/০২/২০২৬
প্রহলাদ দেবনাথ
উপজেলা আইসিটি অফিসার
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
বাঘারপাড়া,যশোর